

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[+88-02-9511066](tel:+88-02-9511066), [+88-02-9552323](tel:+88-02-9552323), www.most.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি


“বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভা অনুষ্ঠিত”

ঢাকা ১২ ডিসেম্বর, ২০১৮;

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-১৯ এর দক্ষতা ও নৈতিকতার উন্নয়নের লক্ষ্যে অংশীজনের (stake holder) সভা আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে বিজ্ঞান ও প্রযুক্তি অতিরিক্ত সচিব (বিপ্রউ) মহোদয় সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে অতিরিক্ত সচিব বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা, সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়া। নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ এবং নীতির প্রতি আনুগত্য থেকে আমাদের সকলকে কাজ করে যেতে হবে।

উক্ত অনুষ্ঠানে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী এবং মন্ত্রণালয়স্বামী সংস্থাসমূহের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd
royv047@gmail.com